

প্যাডিয়াট্রিক গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের “পোস্ট সেলফ এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে আজ বৃহস্পতিবার ২৮ জুন ২০১৮ইং তারিখ, দুপুরে সি ব্লকের দ্বিতীয় তলায় জাতীয় অধ্যাপক ডা. এম আর খান শ্রেণী কক্ষে প্যাডিয়াট্রিক গ্যাস্ট্রোএন্টারোলজি (Department of Paediatric Gastroenterology) বিভাগের “পোস্ট সেলফ এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান (Workshop on Post Self-Assessment Improvement Plan)” শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। গুরুত্বপূর্ণ ওই কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। কর্মশালায় সম্মানিত উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, শিশু অনুষদের ডীন অধ্যাপক ডা. চৌধুরী ইয়াকুব জামাল, শিশু গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এ এস এম বজলুল করিম, আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

কর্মশালায় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ৫৮টি বিভাগের সমন্বিত উন্নয়নের গুরুত্বারোপ করেন। তিনি শিক্ষার সাথে সাথে গবেষণার জন্য অধিক মনোযোগী হওয়ার আহ্বান জানিয়ে বলেন, ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের কার্যক্রম বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা শিক্ষা ও সেবার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাসহ উন্নয়নমূলক চিন্তার দুয়ার খুলে দিয়েছে, আত্ম জিজ্ঞাসার সুযোগ তৈরি করে দিয়েছে। গুরুত্বপূর্ণ ওই কর্মশালায় শিশু গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের গুড গভর্নেন্স (Good Governance), কারিকুলাম কনটেন্ট ডিজাইন এন্ড রিভিউ (Curriculum Content Design and Review), স্টুডেন্ট এডমিশন, প্রোগ্রেস এন্ড অর্জিমেন্টস (Student Admission, Progress and Achievements), স্ট্রাকচার এন্ড ফ্যাসিলিটিস (Structure and facilities), টিচিং-লার্নিং এন্ড এ্যাসেসমেন্ট (Teaching-Learning and Assessment), স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস (Student Support Services), স্টাফ এন্ড ফ্যাসিলিটিস (Staff and Facilities), রিসার্চ এন্ড এক্সটেনশন (Research and Extension), এবং প্রোসেস ম্যানেজমেন্ট এন্ড কনটিনিউয়াস ইম্প্রুভমেন্টসহ (Process Management and Continuous Improvement) ওই বিভাগের সকল বিষয়ের উন্নয়নে বিস্তারিত তুলে ধরা হয়।

